শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫১.১১.০১০.২০১৯-৪৯ তারিখ: ২৫ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১১.০৪.২০২১ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১,২৪১৩-১০৫, ২৪১৪-১০৬, ২৪১৫-১০৭, ২৪১১-১০৮, ২৪১২-১০৯ নং স্মারকমূলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন 'বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ' এর জন্য সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নোক্ত প্রার্থীগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদে চাকরি (বেতন-ভাতাদি) আদেশ ২০১৫ অনুসারে ৩৫৫০০-৬৭০১০/- বেতনক্রমে (৬ষ্ঠ গ্রেড) নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ/পদায়ন করা হলো:

**শর্তাবলী:**

(ক) তাকে সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাশ ও বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ ও পরীক্ষা সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে সরকারি বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল অথবা শিক্ষানবিশকালে উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ অঙ্গীকারনামা দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(ঙ) তিনি যদি চাকরিতে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

(ড) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২. অনুচ্ছেদ ১-এ উল্লিখিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে তাদের নামের পাশে বর্ণিত পদে ও কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হ'ল। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**সহকারী অধ্যাপক (টেক/নন-টেক) বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ**

| ক্র. নং | রেজিঃ নং | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ০০০০৭৮ | জনাব তানজিলা ইয়াসমিন নিলু<br>পিতাঃ মোঃ আবুল হোসেন<br>মাতাঃ খোরশেদা বেগম | গ্রামঃ রসুলপুর (সাহরাজকান্দি)<br>ডাকঘরঃ এনায়েত নগর<br>উপজেলাঃ মতবল (উত্তর)<br>জেলাঃ চাঁদপুর | সহকারী অধ্যাপক<br>(নন-টেক)<br>গণিত | বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। |
| ২. | ৬০০০৯৬ | জনাব মোঃ তারেক হোসেন<br>পিতাঃ মোঃ আবু তালেব মন্ডল<br>মাতাঃ বকুল মন্ডল | গ্রামঃ পশ্চিম মাতাপুর<br>ডাকঘরঃ জামালগঞ্জ<br>উপজেলাঃ আক্কেলপুর<br>জেলাঃ জয়পুরহাট | সহকারী অধ্যাপক<br>(নন-টেক)<br>পদার্থ | বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। |
| ৩. | ০০০০৭২ | জনাব মোঃ মাসুদুর রহমান<br>পিতাঃ মোঃ আনিছুল ইসলাম<br>মাতাঃ মমতাজ বেগম | গ্রাম/মহল্লাঃ ২০৫/১, খৈয়াসার<br>ডাকঘরঃ ব্রাহ্মণবাড়িয়া<br>উপজেলাঃ ব্রাহ্মণবাড়িয়া<br>জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া | সহকারী অধ্যাপক<br>(নন-টেক)<br>রসায়ন | বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। |
| ৪. | ০০০০৯৬ | জনাব রায়হান খান অপু<br>পিতাঃ এ, টি এম দেলোয়ার হোসেন খান<br>মাতাঃ রাজিয়া সুলতানা | গ্রাম/শহরঃ সেক: ৭/৫-৯৫২<br>ডাকঘরঃ মিরপুর<br>উপজেলা/থানাঃ পল্লবী<br>জেলাঃ ঢাকা | সহকারী অধ্যাপক<br>(টেক)<br>সিভিল ইঞ্জিনিয়ারিং | বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। |
| ৫. | ০০০০৪৭ | জনাব মোঃ মেরাজুল ইসলাম<br>পিতাঃ শেখ সাফায়েত হোসেন<br>মাতাঃ মিসেস তহমিনা বেগম | গ্রামঃ ১৭/১ কোর্টপাড়া<br>ডাকঘরঃ কুষ্টিয়া<br>উপজেলাঃ কুষ্টিয়া সদর<br>জেলাঃ কুষ্টিয়া | সহকারী অধ্যাপক<br>(টেক)<br>ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। |

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৮/২/২০২২

(রহিমা আক্তার)
উপসচিব
ফোনঃ ০২-৯৫৪৬৫৭০
ই-মেইলঃ sastec1@tmed.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিনিয়ির সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/কম্পট্রোলার এণ্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
০৫. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [প্রার্থীদের যোগদানের তথ্য এ বিভাগের প্রেরণের অনুরোধসহ]।
০৮. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১৩. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
১৪. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৫. অধ্যক্ষ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল।
১৬. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১৭. জনাব.......................................................................................................................
১৮. অফিস কপি।